



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কলেজ শিক্ষার্থীদের প্রথম রোবটিক্স প্রতিযোগিতা সমাপ্ত

ঢাকার ১১টি কলেজের অংশগ্রহণের মধ্য দিয়ে শেষ হলো দুই দিনব্যাপী রোবটিক্স প্রতিযোগিতা। প্রতিযোগিতায় নটর ডেম কলেজ প্রথম, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ দ্বিতীয় এবং গভর্নমেন্ট সায়েন্স কলেজ তৃতীয় হয়েছে। শনিবার ঢাকার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) নতুন ক্যাম্পাসে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। জাপানের এডুকেশন টেকনোলজি কোম্পানি ভেনচুরাস লিমিটেডের আয়োজনে এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ও আইসিটি মন্ত্রণালয়ের সহযোগিতায় এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার শেষ দিন সকাল ১০টা থেকে শুরু হয় মূল প্রতিযোগিতা এবং বিকাল সাড়ে ৪টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তফা জব্বার এবং সভাপতি ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান কাজী আমিনুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান এবং ভিলিং গ্রুপ জাপানের সিইও নাকামুরা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাপান এক্সটারনাল ট্রেড অরগানাইজেশনের (জেইটিআরও) বাংলাদেশপ্রধান ডাইসুকে আরাই এবং ডাটা সফট বাংলাদেশের ম্যানেজিং ডিরেক্টর মাহাবুব আজম। সংবাদ বিজ্ঞপ্তি